# জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩




## উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর,

## কালিয়াকৈর, গাজীপুর।

# জাতীয়মৎস্যসপ্তাহ-২০২৩

## ১ম দিন

২৪.০৭.২০২৩

### মতবিনিময় সভা




**স্থানঃ কালিয়াকৈর মৎস্য আড়ৎ, কালিয়াকৈর, গাজীপুর।**

জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষে কালিয়াকৈর মৎস্য আড়ৎ এর উপস্থিত মৎস্য আড়তদার, মৎস্যজীবি, মৎস্য ব্যবসায়ী, পাইকারী মৎস্য বিক্রেতাদের উপস্থিতিতে সমিতির প্রধান কার্যালয়ে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় উপস্থিত মৎস্য ব্যবসায়িরা জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ এর সফলতা কামনার পাশাপাশি, আড়তে কোনরুপ অবৈধ, নিষিদ্ধ মাছ না আনার দৃঢ় অঙ্গিকারজ্ঞাপন করেন।

উপজেলা মৎস্য কর্মকর্তা, ক্ষেত্র সহকারী, অফিস সহকারীগণ, উপজেলা মৎস্য দপ্তর, কালিয়াকৈর, গাজীপুর এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন।

### প্রচারণা





জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষে উপজেলাব্যাপী ব্যাপক মাইকিং ও উপজেলার গুরুত্বপূর্ণ মৎস্য আড়ৎ, মৎস্য বাজার, উপজেলা পরিষদ, গুরুত্বপূর্ণস্থানে প্রচারণামুলক ব্যানার স্থাপন করা হয়।

**২য় দিন**

২৫.০৭.২০২৩

**বর্ণাঢ্য রেলী**





জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষে মৎস্য সপ্তাহ উদযাপন কমিটির সম্মানিত সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর জনাব **তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ**এর নেতৃত্বে আয়োজনের সফলতা কামনা করে উপজেলা ও পরিষদের আশেপাশে গুরুত্বপুর্ণ সড়কে একটি বর্ণাঢ্য রেলী পরিচালনা করা হয়। উপজেলার বিভিন্ন দপ্তর প্রধান, দপ্তরের অন্যান্য কর্মকর্তা-কর্মচারি, রাজনৈতিক ব্যক্তিত্ব, মৎস্য চাষি, মৎস্যজীবি, মৎস্য ব্যবসায়ীরা রেলীতে অংশগ্রহণ করেন।

**পোনামাছ অবমুক্তি**



**স্থানঃ ঘাটাখালি খাল, কালিয়াকৈর।**

জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষে মৎস্য সপ্তাহ উদযাপন কমিটির সম্মানিত সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর এবং স্থানীয় জনসাধারণের উপস্থিতিতে উপজেলা সন্নিকটে ঘাটাখালি খালে রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠান



জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষে উপজেলা পরিষদ হল রুমে আয়োজন করা হয় উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভা। অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত করা হয়। জনাব তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর এর সভাপতিত্বে এই আয়োজনে উপস্থিত ছিলেন বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিবর্গ, বিভিন্ন দপ্তর প্রধান, মৎস্য চাষি, মৎস্য ব্যবসায়ী, মৎস্যজীবি, সংগঠগন।

সভায় বক্তব্য রাখেন উপজেলা প্রকৌশলি, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলি, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মৎস্যজীবি নিতাই হলদার, সংগঠক মশিউর রহমান।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে, উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর মহোদয় সকলকে'মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য' বিষয়ে প্রামাণ্যচিত্র প্রদর্শনের জন্য আহবান জানান এবং সকলেই প্রমাণ্যচিত্র দেখেন।



"মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য" বিষয়ে প্রামাণ্যচিত্র প্রদর্শণ।

৩য় দিন

২৬.০৭.২০২৩





**স্থানঃ আবুল বাশারের পুকুর পাড়, চাবাগান, বোয়ালী, কালিয়াকৈর, গাজীপুর।**

জাতীয়মৎস্যসপ্তাহ-২০২৩উদযাপনউপলক্ষ্যেকালিয়াকৈরউপজেলারবোয়ালী ইউনিয়নে অবস্থিত চা বাগান এলাকায় সফল মৎস্য চাষী জনাব আবুল বাশার এর পুকুর পাড়ে **প্রান্তিক পর্যায়ের মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময় সভার** আয়োজন করা হয়। সভায় কিছু সিআইজি সমবায়ি উপস্থিত ছিলেন। সমবায়ের মাধ্যমে মাছ চাষ করে কিভাবে নিজেদের পরিবর্তন করা যায়, এ বিষয়ে অনেকেই তাদের অভিজ্ঞতা শেয়ার করেন।

উপজেলা মৎস্য কর্মকর্তা জনাব আব্দুর রাজ্জাক, চাষি আবুল বাশার ও অন্যান্যরা আয়োজনে বক্তব্য রাখেন।

৪র্থ দিন

২৭.০৭.২০২৩






**স্থানঃ ঢালজোড়া ইউনিয়ন পরিষদ**

আয়োজনের বিষয়: মৎস্যচাষিদের মাছ চাষ বিষয়ক বিশেষ পরামার্শ সেবা প্রদান, পুকুর/জলাশয়ের পানির ভৌত-রাসায়নিক পরীক্ষা।

মৎস্য চাষিদের মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান এবং পরিষদ সংলগ্ন পুকুরে পানির ভৌত রাসায়নিক পরীক্ষা করা হয়। উপস্থিত সকলকে পরীক্ষার ফলাফল জানিয়ে, প্রয়োজনীয় পরামার্শ প্রদান করা হয়। ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও বেশ কয়েকজন ইউপি সদস্য উপস্থিত ছিলেন।

৫ম দিন

২৮.০৭.২০২৩



**স্থানঃ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, কালিয়াকৈর, গাজীপুর।**

**বিষয়ঃ মৎস্যচাষিদের মাছচাষ বিষয়ক বিশেষ পরামার্শ সেবা প্রদান, পুকুর/জলাশয়ের পানির ভৌত-রাসায়নিক পরীক্ষা।**

উপজেলার গুরুতপূর্ণ এলাকায় **মৎস্যচাষিদের মাছচাষ বিষয়ক বিশেষ পরামার্শ সেবা প্রদান, পুকুর/জলাশয়ের পানির ভৌত-রাসায়নিক পরীক্ষা**র আয়োজন করা হয়, উপজেলার প্রাণকেন্দ্র সফিপুরে অবস্থিত আনসার ও ভিডিপি একাডেমিতে। একাডেমির হাসপাতাল সংলগ্ন পুকুর পাড়ে আয়োজিত এই সেবা কার্যক্রমে একাডেমীর হাসপাতাল ও **একাডেমীর ৮টি পুকুরের পানি পরীক্ষা করে, অবস্থা অনুযায়ী তাদের প্রয়োজনীয় পরামার্শ প্রদান করা হয়।**

প্রামাণ্যচিত্র প্রদর্শন



**স্থান: চন্দ্রা আড়ৎ।**

**'মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে'** প্রমাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

মৎস্য আড়ৎদার, মৎস্যচাষি, মৎস্যজীবি, পাইকার ব্যবসায়ী ও স্থানীয় ব্যক্তিবর্গের উপস্থিতিতে এই আয়োজন মৎস্য বিভাগীয় বিভিন্ন সফলতা ও উন্নয়ন সংক্রান্ত ভিডিও প্রদর্শন করা হয়।

৬ষ্ঠ দিন

২৯.০৭.২০২৩

**বিষয়ঃ সুফলভোগীদের প্রশিক্ষণ।**

উপজেলার আনসার একাডেমিতে ২০ জন মৎস্য চাষির উপস্থিতিতে 'কার্প জাতীয় মাছের চাষ' বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়।





প্রশিক্ষণ পরিচালনা করেন, জনাব মোসলেহউদ্দিন আহম্মেদ, ক্ষেত্র সহকারী, উপজেলা মৎস্য দপ্তর। আনসার-ভিডিপি একাডেমির পক্ষে আয়োজনের সমন্বয় করেন সহকারী এডজুটেন্ট জনাব তৌহিদ কায়সার।

৭ম দিন

৩০.০৭.২০২৩

**জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপন এর মূল্যায়ন ও সমাপণী**

আমন্ত্রিতঅতিথিদেরউপস্থিতিতেশুরুহয়, মূল্যায়ন ও সমাপনী সভা।

জনাব আব্দুর রাজ্জাক, উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিয়াকৈর এর সভাপতিত্বে আয়োজিত এই অনুষ্ঠানে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব ডা: মোঃ লুৎফর রহমান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিয়াকৈর, গাজীপুর, জনাব মোঃ মিজানুর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালিয়াকৈর, গাজীপুর, সহকারী আনসার এডজুটেন্ট জনাব তৌহিদ কায়সার, জনাব আসিফুল হক, সাংগঠনিক সম্পাদক, উপজেলা আওয়ামি লীগ, কালিয়াকৈর, গাজীপুর এবং অন্যান্য চাষি, মৎস্যজীবি এবং বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারিবৃন্দ।

সভায় সকলে ৭দিন ব্যাপি সম্পন্ন জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ সফলভাবে সম্পন্ন করায়, উপজেলা মৎস্য কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।







আয়োজনের শেষভাগে ছিলো, উপজেলার সফল ০৩জন মৎস্য চাষিকে পুরস্কার প্রদান অনুষ্ঠান। সফল মৎস্য চাষি হিসাবে সহদেব রাজবংশী, আসিফুল রয়েল এবং প্রতিষ্ঠান হিসাবে আনসার একাডেমী পুরস্কার গ্রহণ করেন।

# ছবিতে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩

**বাংলাদেশ প্রতিদিন** EN

গাজীপুরের কালিয়াকৈরে জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠান হয়েছে। রবিবার সকালে মৎস্য অফিস কক্ষে মূল্যায়নের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। মৎস্য সপ্তাহের সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ আব্দুর রাজ্জাক।



মৎস্য সপ্তাহ মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ লুৎফর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মিজানুর রহমান, সফিপুর আনসার ভিডিপির একাডেমির এডজুটেন্ট তৌহিদ আল কায়সার, উপজেলা ডিপ্লোমা কৃষিবিদ মুসলে উদ্দিন আহমেদ, উপজেলা মৎস্য অফিস সহকারী জুয়েল রানা প্রমুখ।





